B.A/4th Sem (H)/BENG/23(CBCS)

# 2023

# 4th Semester Examination

# BENGALI (Honours)

## Paper : C 9-T

## (কাব্য পাঠ)

[CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ - ক

যে কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। 'বীরাঙ্গনা' কাব্য কাকে, কেন উৎসর্গ করা হয়েছিল?

২। 'বীরাঙ্গনা' কাব্যের জন্য মধুসূদনকে কারা, কবে সম্বর্ধিত করেন?

৩। 'জীবন মরণ মম আজি তব হাতে।' — কোন্ পত্রিকার অংশ? পত্রিকাটিতে মোট কয়টি স্তবক রয়েছে?

৪। 'ধীবর জননী, পিতা ব্রাহ্মণ!' — কার মাতা-পিতার কথা বলা হয়েছে? 'জননী' ও 'পিতা'-র নাম লেখো।

P.T.O.

৫। 'বীতংসে কে বা বাঁধে কেশরীরে?' — উদ্ধৃতিটি কোথা থেকে গৃহীত? 'বীতংস' কথার অর্থ কী?

৬। 'বলাকা' কাব্যের নাম কবিতাটি কবে, কোথায় প্রথম প্রকাশিত হয়েছিল?

৭। 'বলাকা' কাব্যটিতে কোন্ কোন্ ছন্দ দেখা যায়? কাব্যটি কাকে উৎসর্গ করা হয়েছে?

৮। 'বলাকা'র কবিতাগুলি কোন্ কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল লেখো।

৯। 'দীপক তানে উঠুক ধ্বনি দীপ্ত প্রাণের হর্ষ।' — 'দীপক তান' কী?

১০। 'বলাকা' কাব্যের প্রথম ও শেষ কবিতা দুটির রচনাকাল লেখো।

১১। 'বনলতা সেন' কাব্যটি প্রথম কবে, কোথা থেকে প্রকাশিত হয়?

১২। 'বনলতা সেন' কাব্যের সিগনেট সংস্করণ কবে প্রকাশিত হয়? এর প্রচ্ছদ কে অঙ্কন করেছিলেন?

১৩। 'বনলতা সেন' কাব্যের 'কুড়ি বছর পরে' কবিতায় উল্লিখিত চারটি করে পাখি ও গাছের নাম লেখো।

১৪। 'ঘুচে গেছে জীবনের সব লেনদেন' — কোন্ কবিতার অংশ? কবিতাটির রচনাকাল লেখো।

১৫। 'বনলতা সেন' কাব্যে বনলতা সেন বাদে উল্লিখিত আরও চারজন নারীর নাম লেখো।

## বিভাগ - খ

যে কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। প্রেমপত্রিকা হিসেবে 'শকুন্তলা' পত্রিকার সার্থকতা বিচার করো।

১৭। 'বীরাঙ্গনা কাব্য' পত্রকাব্য হিসেবে কতখানি সার্থক আলোচনা করো।

১৮। 'এই তব নব মেঘদূত' — কোন্ কবিতার অংশ? 'নব মেঘদূত' হিসেবে অভিহিত করার তাৎপর্য ব্যাখ্যা করো।

১৯। 'বলাকা' কাব্যের ৩৬ সংখ্যক কবিতাটিতে এই কাব্যের মূলভাব কতখানি প্রকাশ পেয়েছে তা আলোচনা করো।

২০। 'বনলতা সেন' কাব্যের 'অন্ধকার' কবিতায় প্রতিফলিত মৃত্যুচেতনা বিষয়ে আলোচনা করো।

২১। 'সুচেতনা' কবিতায় কবির ইতিহাসচেতনার পরিচয় দাও।

## বিভাগ - গ

যে কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। 'বীরাঙ্গনা কাব্যে'র 'নীলধ্বজের প্রতি জনা' পত্রিকায় জনা যেমন পুত্রশোকে বিহ্বল তেমনি আত্মমর্যাদা রক্ষায় অবিচল। — মন্তব্যটির যাথার্থ বিচার করো।

২৩। 'বলাকা' কাব্যের ৪৫ সংখ্যক কবিতার মর্মার্থ আলোচনা করে কবিতাটির নাম 'নববর্ষের আশীর্বাদ' রাখার সার্থকতা বিচার করো।

P.T.O.

২৪। জীবনানন্দ দাশ উপমা ও চিত্রকল্প নির্মাণে সিদ্ধহস্ত কবি। — 'বনলতা সেন' কাব্য সূত্রে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

২৫। জীবনানন্দ দাশের কবিভাবনার রোমান্টিকতা ও পরাবাস্তবতার পরিচয় পাওয়া যায় 'নগ্ন নির্জন হাত' কবিতাটির মধ্যে। — আলোচনা করো।

---